



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

নং পসব্য/প্রকা/পরি-০৯/২০১৯-২০/১৯৯৪

তারিখ : ২৯/০১/২০২০খ্রি.

ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক
সকল শাখা

বিষয় : সমিতির তহবিলের স্বল্পতার কারণে সদস্যদেরকে ব্যাংকের তহবিল হতে ঋণ প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। কিছু কিছু সমিতির তহবিলের ব্যালেন্স না থাকার কারণে সমিতির সদস্যদের ঋণ প্রদান করা সম্ভব হচ্ছে না মর্মে শাখাসমূহ হতে প্রধান কার্যালয়কে অবহিত করা হয়। বিষয়টি পরিচালনা বোর্ডের ২৩.০১.২০১৯ তারিখে অনুষ্ঠিত ৩৬তম সভায় উপস্থাপন করা হলে যে সকল সমিতির সদস্যদের ঋণের চাহিদা রয়েছে কিন্তু সমিতির তহবিলের স্বল্পতার কারণে ঋণ প্রদান করা যাচ্ছে না তাদেরকে ব্যাংকের নিজস্ব ফান্ড হতে ঋণ প্রদানের অনুমোদন প্রদান করা হয়।

০৩। পরিচালনা বোর্ডের উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক ব্যাংকের সিবিএস এর মাইক্রোফাইন্যান্স (পিএসবি) নামে (কোড নং৩০৪০১১১০) একটি প্রোডাক্ট তৈরী করা হয়েছে। উক্ত খাত হতে ঋণ প্রদান করা যাবে। সমিতির তহবিল হতে সদস্যদের বর্তমানে যে নিয়ম, নীতি, পদ্ধতি অবলম্বন করে ঋণ প্রদান করা হচ্ছে একই পদ্ধতিতে উক্ত খাত থেকে ঋণ প্রদান করা যাবে। ঋণ প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা এবং নির্ধারিত সময়ে টাকা আদায়ের বিষয়টি নিশ্চিত করতে হবে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১) চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৩) উপব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, -----উপজেলা।
- ৫) জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক/জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প (সকল)।
- ৬) নথি।